

নিয়োগ

প্রধান শিক্ষক পদে সুপারিশ পেলেন ১১১ নন-ক্যাডার

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট: ১৫ অক্টোবর ২০২৫, ২১: ০৯



X

শিক্ষকতা প্রথম আলো ফাইল ছবি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১১১ জন প্রধান শিক্ষক (প্রশিক্ষণবিহীন, নন-ক্যাডার দ্বিতীয় শ্রেণি) পদে নিয়োগ প্রদান করা হয়েছে। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক ৪৩তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য থেকে এই নিয়োগ দেওয়া হয়েছে। আজ বুধবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

নিয়োগপ্রাপ্ত শিক্ষকেরা জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী গ্রেড-১২ (টাকা ১১,৩০০-২৭, ১৩০০) বেতনে
যোগদান করবেন।

এ নিয়োগের কিছু শর্তের কথাও বলা হয়েছে। এগুলোর মধ্য কয়েকটি হলো-

১. চাকরিতে যোগদানের পর ২ বছর শিক্ষানবিশকাল হিসেবে কাজ করতে হবে।
২. নিয়োগপ্রাপ্ত শিক্ষকেরা আগামী ১০ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে হবে।
অন্যথায় নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
৩. যোগদানের পরবর্তী ৪ (চার) বছরের মধ্যে ‘প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ (বিটিপিটি)’ প্রশিক্ষণ
গ্রহণ করতে হবে।
৪. যোগদানপত্র সংশ্লিষ্ট উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর দাখিল করতে হবে এবং তিনি
যোগদানপত্র গ্রহণপূর্বক একটি প্রত্যয়নপত্র প্রদান করবেন।

সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের তালিকা ও বিস্তারিত দেখুন [এই লিংকে](#)।

